গ্যাস জাতীয় সম্পদ। এর অপচয় রোধ করে জাতীয় দায়িত্ব পালন করুন।
মুজিববর্ষ MUJIB 100

সূত্র নং-২৮.২০.৯১৫৩.০৫৯.০৫.০০১.২০ তারিখঃ ২৪-০৮-২০২০

# নিয়োগ বিজ্ঞপ্তি

সিলেট গ্যাস ফিল্ডস লিমিটেড (এসজিএফএল)-এ নিম্নবর্ণিত শূন্য পদসমূহে জনবল নিয়োগের লক্ষ্যে নিম্নোক্ত শর্তসমূহ পূরণ সাপেক্ষে অনলাইন (Online) পদ্ধতিতে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে :

| ক্র: নং | পদের নাম | পদ সংখ্যা | গ্রেড ও বেতনস্কেল | বয়স | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|---|---|
| ১. | সহকারী ব্যবস্থাপক (সাধারণ) | ৩০ | গ্রেড-৯ টাকা: ২২০০০-৫৩০৬০ | অনুর্ধ্ব ৩০ বছর | প্রথম শ্রেণিতে স্নাতকোত্তর অথবা দ্বিতীয় শ্রেণিতে স্নাতকোত্তর সহ সম্মানে দ্বিতীয় শ্রেণি অথবা ৪ বছর মেয়াদী অনার্স ডিগ্রীতে ন্যূনতম দ্বিতীয় শ্রেণি। পরীক্ষাসমূহে ন্যূনতম ২টি প্রথম শ্রেণি/বিভাগ/সমমান সিজিপিএ থাকতে হবে এবং কোন পরীক্ষায় তৃতীয় শ্রেণি/বিভাগ/সমমান সিজিপিএ গ্রহণযোগ্য হবে না। |
| ২. | সহকারী ব্যবস্থাপক (হিসাব) | ১৩ | গ্রেড-৯ টাকা: ২২০০০-৫৩০৬০ | অনুর্ধ্ব ৩০ বছর | বাণিজ্যিক বিষয়ে প্রথম শ্রেণিতে স্নাতকোত্তর অথবা বাণিজ্যিক বিষয়ে দ্বিতীয় শ্রেণিতে স্নাতকোত্তর সহ সম্মানে দ্বিতীয় শ্রেণি অথবা বাণিজ্যিক বিষয়ে ৪ বছর মেয়াদী অনার্স ডিগ্রীতে ন্যূনতম দ্বিতীয় শ্রেণি। পরীক্ষাসমূহে ন্যূনতম ২টি প্রথম শ্রেণি/বিভাগ/সমমান সিজিপিএ থাকতে হবে এবং কোন পরীক্ষায় তৃতীয় শ্রেণি/বিভাগ/সমমান সিজিপিএ গ্রহণ যোগ্য হবে না। |
| ৩. | সহকারী ব্যবস্থাপক (ইলেকট্রিক্যাল) | ৬ | গ্রেড-৯ টাকা: ২২০০০-৫৩০৬০ | অনুর্ধ্ব ৩০ বছর | সংশ্লিষ্ট বিষয়ে বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রী এবং পরীক্ষাসমূহে ন্যূনতম ২টি প্রথম শ্রেণি/বিভাগ/সমমানের সিজিপিএ থাকতে হবে এবং কোন পরীক্ষায় ৩য় শ্রেণি/বিভাগ/সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য হবে না। |
| ৪. | সহকারী ব্যবস্থাপক (মেকানিক্যাল) | ৭ | | | |
| ৫. | সহকারী ব্যবস্থাপক (কেমিক্যাল) | ৭ | | | |
| ৬. | সহকারী ব্যবস্থাপক (সিভিল) | ৩ | | | |
| ৭. | সহকারী ব্যবস্থাপক (কম্পিউটার ইঞ্জি:) | ২ | | | |
| ৮. | সহকারী কর্মকর্তা (সাধারণ) | ১৪ | গ্রেড-১০ টাকা: ১৬০০০-৩৮৬৪০ | অনুর্ধ্ব ৩০ বছর | স্নাতকোত্তর অথবা প্রশাসনিক ক্ষেত্রে তিনবছরের অভিজ্ঞতাসহ স্নাতক ডিগ্রী অথবা ৪ বছর মেয়াদী অনার্স ডিগ্রীতে ন্যূনতম দ্বিতীয় শ্রেণি। পরীক্ষাসমূহে ন্যূনতম ২টি প্রথম শ্রেণি/বিভাগ/সমমান সিজিপিএ থাকতে হবে এবং কোন পরীক্ষায় তৃতীয় শ্রেণি/বিভাগ/সিজিপিএ গ্রহণযোগ্য হবে না। |
| ৯. | সহকারী কর্মকর্তা (হিসাব) | ৪ | গ্রেড-১০ টাকা: ১৬০০০-৩৮৬৪০ | অনুর্ধ্ব ৩০ বছর | বাণিজ্যিক বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রী অথবা সংশ্লিষ্ট ক্ষেত্রে তিন বছরের অভিজ্ঞতাসহ বাণিজ্যিক বিষয়ে স্নাতক ডিগ্রী অথবা বাণিজ্যিক বিষয়ে ৪ বছর মেয়াদী অনার্স ডিগ্রীতে ন্যূনতম দ্বিতীয় শ্রেণি। পরীক্ষাসমূহে ন্যূনতম ২টি প্রথম শ্রেণি/বিভাগ/সমমান সিজিপিএ থাকতে হবে এবং কোন পরীক্ষায় তৃতীয় শ্রেণি/বিভাগ/সমমান সিজিপিএ গ্রহণযোগ্য হবে না। |

Free Job Alert 4 U
All Job Circular, Admission News and Result of Bangladesh
https://freejobalert4u.com



**Head Office:** P.O. Chiknagool, Sylhet-3152, Bangladesh. Tel.: 0821-760206, Fax: 0821-761611, **Dhaka Liaison Office:** PETROCENTRE (13th Floor) 3 Kawran Bazar C/A, Dhaka-1215, Bangladesh. Tel.: 02-55013709, 02-55013710, Fax: 02-55013708, e-mail: dlo@sgfl.org.bd, Website: www.sgfl.org.bd

# সিলেট গ্যাস ফিল্ডস লিমিটেড
(পেট্রোবাংলার একটি কোম্পানি)

# Sylhet Gas Fields Limited
(A Company of Petrobangla)

SGFL

গ্যাস জাতীয় সম্পদ। এর অপচয় রোধ করে জাতীয় দায়িত্ব পালন করুন।

মুজিব শতবর্ষ MUJIB 100

| ক্রঃ নং | পদের নাম | পদ সংখ্যা | গ্রেড ও বেতনস্কেল | বয়স | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|---|---|
| ১০. | উপ-সহকারী প্রকৌশলী (ইলেকট্রিক্যাল) | ৬ | গ্রেড-১০<br>টাকা: ১৬০০০-৩৮৬৪০ | অনুর্ধ্ব ৩০ বছর | সংশ্লিষ্ট বিষয়ে ০৪ (চার) বছর মেয়াদী ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং ডিগ্রী। পরীক্ষাসমূহে ন্যূনতম ২টি প্রথম শ্রেণি/বিভাগ/সমমান সিজিপিএ থাকতে হবে এবং কোন পরীক্ষায় তৃতীয় শ্রেণি/বিভাগ/সমমান সিজিপিএ গ্রহণযোগ্য হবে না। |
| ১১. | উপ-সহকারী প্রকৌশলী (মেকানিক্যাল) | ৫ | | | |
| ১২. | উপ-সহকারী প্রকৌশলী (সিভিল) | ৬ | | | |
| ১৩. | উপ-সহকারী প্রকৌশলী (অটোমোবাইল) | ১ | | | |

Free Job Alert 4 U
All Job Circular, Admission News and Result of Bangladesh
https://freejobalert4u.com

শর্তাবলী :

১. Online-এ আবেদনপত্র পূরণ সংক্রান্ত শর্তাবলি :

ক. পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক http://sgfl.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ :

i. Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ০৬-০৯-২০২০, সকাল ১০.০০ ঘটিকা

ii. Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময় : ২০-১০-২০২০, বিকাল ০৫.০০ ঘটিকা

iii. উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২(বাহাত্তর) ঘন্টার মধ্যে SMS এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

খ. Online আবেদনপত্রে প্রার্থী তাঁর রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০ x প্রস্থ ৩০০) pixel ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ x প্রস্থ ৮০) pixel স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ 100KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60KB হতে হবে।

গ. Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

ঘ. প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

ঙ. **SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান:** Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতো ছবি এবং স্বাক্ষর upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। উক্ত Applicant's copy প্রার্থী download পূর্বক রঙ্গিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যেকোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২(দুই) টি SMS করে আবেদন ফি বাবদ ৩০০/- (তিনশত) টাকা অনধিক ৭২(বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য, "Online-এ **আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও আবেদন ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।**"

* অসম্পূর্ণ/ভুল তথ্য সম্বলিত/ত্রুটিপূর্ণ এবং চাকুরির বিজ্ঞপ্তিতে প্রকাশিত ন্যূনতম যোগ্যতার সাথে যেমন-বয়স, শিক্ষাগত যোগ্যতা, স্থায়ী ঠিকানা, জাতীয়তা ইত্যাদি যে কোন বিষয়ে অসামঞ্জস্যপূর্ণ তথ্য দ্বারা পূরণকৃত আবেদন নিয়োগের যেকোন পর্যায়ে বাতিল বলে গণ্য হবে। এক্ষেত্রে প্রার্থীর কোন আপত্তি গ্রহণযোগ্য হবে না।

প্রথম SMS: SGFL<space>User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: SGFL ABCDEF

*Reply*: **Applicant's Name, Tk-300/- will be charged as application fee. Your PIN is 12345678**. To pay fee Type SGFL<Space>Yes<Space>PIN and send to 16222.

দ্বিতীয় SMS : SGFL<space>YES<space>PIN **লিখে** Send **করতে হবে** 16222 **নম্বরে।**

Example: SGFL YES 12345678

Reply: ***Congratulations Applicant's Name, payment completed successfully for SGFL Application for <Post Name> User ID is (ABCDEF) and Password (xxxxxxxx).***



**Head Office:** P.O. Chiknagool, Sylhet-3152, Bangladesh. Tel.: 0821-760206, Fax: 0821-761611, **Dhaka Liaison Office:** PETROCENTRE (13th Floor) 3 Kawran Bazar C/A, Dhaka-1215, Bangladesh. Tel.: 02-55013709, 02-55013710, Fax: 02-55013708, e-mail: dlo@sgfl.org.bd, Website: www.sgfl.org.bd

চ. প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://sgfl.teletalk.com.bd এর ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS-এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

ছ. SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক Print (সম্ভব হলে রঙ্গিন) করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন।

জ. শুধু টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID, Serial এবং PIN পুনরুদ্ধার করতে পারবেন।


Free Job Alert 4 U
All Job Circular, Admission News and Result of Bangladesh
https://freejobalert4u.com


i. User ID জানা থাকলে SGFL<space>Help<space>User<space>User ID & Send to 16222.
Example: SGFL HELP USER ABCDEF & Send to 16222.

ii. PIN Number জানা থাকলে: SGFL<space>Help<space>PIN<space>PIN No & Send to 16222.
Example: SGFL HELP PIN 12345678 & Send to 16222.

ঞ. Online-এ আবেদন করতে কোন সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ নম্বরে অথবা যেকোন অপারেটরের ফোন থেকে ০১৫০০১২১১২১ নম্বরে কল করুন। এছাড়া vas.query@teletalk.com.bd ই-মেইলে যোগাযোগ করা যাবে। (Mail এর subject এ Organization Name: "SGFL", Post Name: ***** , Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে)

২. লিখিত ও মৌখিক পরীক্ষার নোটিশ প্রার্থীর মোবাইলে SMS এর মাধ্যমে ও SGFL এর ওয়েবসাইটের (www.sgfl.org.bd) মাধ্যমে জানানো হবে।

৩. মৌখিক পরীক্ষার জন্য নির্বাচিত প্রার্থীগণের মৌখিক পরীক্ষার সময় আবেদন ফরমে নিম্নবর্ণিত সকল তথ্যের স্বপক্ষে দলিলাদি/মূল সনদপত্র কমিটি/কর্তৃপক্ষের নিকট উপস্থাপন করতে হবে এবং এর ০১(এক) সেট সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে :

(ক) শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা (যদি থাকে)-এর সকল সার্টিফিকেট প্রদর্শন করতে হবে এবং এর সকল সত্যায়িত কপি (এক সেট) জমা দিতে হবে;

(খ) সরকারি/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের ১ম শ্রেণির কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদ দাখিল করতে হবে;

(গ) ইউনিয়ন পরিষদ-এর চেয়ারম্যান বা পৌরসভা/সিটি করপোরেশন-এর মেয়র বা ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রার্থীর নিজ জেলা উল্লেখ পূর্বক প্রদত্ত নাগরিকত্ব সনদ দাখিল করতে হবে।

(ঘ) জাতীয় পরিচয়পত্র অথবা জন্মনিবন্ধন সনদপত্র (প্রার্থী কর্তৃক চাকুরির আবেদন ফরমে যে তথ্য প্রদান করা হবে)-এর মূল কপি প্রদর্শন এবং সত্যায়িত কপি দাখিল করতে হবে।

(ঙ) বিদেশী বিশ্ববিদ্যালয়/শিক্ষা প্রতিষ্ঠান হতে অর্জিত ডিগ্রীর ক্ষেত্রে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (UGC) হতে ইস্যুকৃত সমমান সার্টিফিকেট (Equivalance Certificate) এবং ও লেভেল, এ লেভেলে অর্জিত ডিগ্রীর ক্ষেত্রে (UGC) বা শিক্ষা বোর্ড হতে ইস্যুকৃত সমমান সার্টিফিকেট (Equivalance Certificate) মৌখিক পরীক্ষার সময় দাখিল করতে হবে।

(চ) সরকারি/আধা-সরকারি/স্বায়ত্বশাসিত সংস্থায় চাকুরীরত প্রার্থীদেরকে মৌখিক পরীক্ষার সময় যথাযথ কর্তৃপক্ষের অনুমতিপত্র প্রদর্শন করতে হবে এবং এর সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

(ছ) অনলাইন (Online)-এ পূরণকৃত আবেদনপত্রের কপি (Applicant's Copy) দাখিল করতে হবে।

(জ) সকল সার্টিফিকেট/রেকর্ডপত্র সরকারি বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের ১ম শ্রেণির কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে।




**Head Office:** P.O. Chiknagool, Sylhet-3152, Bangladesh. Tel.: 0821-760206, Fax: 0821-761611, **Dhaka Liaison Office:** PETROCENTRE (13th Floor) 3 Kawran Bazar C/A, Dhaka-1215, Bangladesh. Tel.: 02-55013709, 02-55013710, Fax: 02-55013708, e-mail: dlo@sgfl.org.bd, Website: www.sgfl.org.bd

৪. জিপিএ/সিজিপিএ ফলাফলপ্রাপ্ত প্রার্থীদের শিক্ষাগত যোগ্যতার বিভাগ/শ্রেণী নির্ধারণের ক্ষেত্রে শিক্ষা মন্ত্রণালয়/ইউজিসি কর্তৃক জারীকৃত সংশ্লিষ্ট প্রজ্ঞাপন/পরিপত্র অনুসরণ করা হবে।

৫. আবেদনকারীর বয়স ২০-১০-২০২০ তারিখে সর্বোচ্চ ৩০ (ত্রিশ) বছর হতে হবে। তবে, মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এবং প্রতিবন্ধীদের ক্ষেত্রে আবেদনকারীর বয়স সর্বোচ্চ ৩২ (বত্রিশ) বছর। বয়স প্রমাণের ক্ষেত্রে স্বীকৃত শিক্ষা বোর্ড কর্তৃক প্রদত্ত এসএসসি/সমমানের পরীক্ষায় উত্তীর্ণ সনদ-এ উল্লেখিত জন্মতারিখ প্রকৃত জন্মতারিখ হিসেবে গণ্য হবে। বয়স সংক্রান্ত কোন হলফনামা (Affidavit) গ্রহণযোগ্য হবে না।

৬. মুক্তিযোদ্ধা মন্ত্রণালয় কর্তৃক স্বীকৃত/জারীকৃত সনদই কেবল মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার ক্ষেত্রে প্রযোজ্য হবে। এ ক্ষেত্রে প্রমাণক হিসেবে মূল সনদপত্র প্রদর্শন ও এর সত্যায়িত কপিসহ চাকুরিপ্রার্থী মুক্তিযোদ্ধা বা শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এ মর্মে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান বা পৌরসভা/সিটি করপোরেশনের মেয়র বা ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র জমা দিতে হবে। প্রতিবন্ধি প্রার্থীদের ক্ষেত্রে সমাজকল্যাণ অধিদপ্তরের অধীন সংশ্লিষ্ট অফিস কর্তৃক প্রদত্ত প্রতিবন্ধি সংক্রান্ত সনদ প্রযোজ্য হবে।

৭. এ নিয়োগের ক্ষেত্রে সরকারের কোটা নীতি এবং নিয়োগ সংক্রান্ত সর্বশেষ বিধি-বিধান অনুসরণ করা হবে।

৮. একজন প্রার্থী ১টি মাত্র পদে আবেদন করতে পারবেন। কোন প্রার্থী একাধিক পদে আবেদন করলে তার সকল আবেদন বাতিল হবে।

৯. নিয়োগ প্যানেলের কার্যকারিতার মেয়াদ অনুমোদনের তারিখ হতে সর্বোচ্চ ১২ (বার) মাস পর্যন্ত বহাল থাকবে।

১০. নিয়োগের বিষয়ে কোন প্রকার সুপারিশ বা তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।

১১. কোন প্রার্থী নিয়োগ লাভের পর তার প্রদত্ত কোন তথ্য/অভিজ্ঞতা সনদ মিথ্যা প্রমাণিত হলে নিয়োগ বাতিলসহ তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১২. দেশের প্রত্যন্ত অঞ্চলে (এসজিএফএল এর অধিকারভুক্ত এলাকা) কাজ করতে অনাগ্রহী প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই।

১৩. পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ বা অর্থ প্রদান করা হবে না।

১৪. কোন কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগকারী কর্তৃপক্ষ যে কোন আবেদন গ্রহণ/বাতিল এবং এ নিয়োগ কার্যক্রম আংশিক/সম্পূর্ণ পরিবর্তন/বাতিল এবং পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধির ক্ষমতা সংরক্ষণ করে। এ নিয়োগের ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৫. নিয়োগ সংক্রান্ত সর্বশেষ তথ্যাদি সিলেট গ্যাস ফিল্ডস লিমিটেড (এসজিএফএল)-এর ওয়েবসাইট (www.sgfl.org.bd) এবং টেলিটক বাংলাদেশ লিমিটেড-এর ওয়েবসাইট (http://sgfl.teletalk.com.bd)-এ প্রকাশিত হবে বিধায় চাকুরি প্রার্থীদের সংশ্লিষ্ট Website Visit করতে হবে।

Free Job Alert 4 U
All Job Circular, Admission News and Result of Bangladesh
https://freejobalert4u.com

28/8/2020
মহাব্যবস্থাপক (প্রশাসন)



**Head Office:** P.O. Chiknagool, Sylhet-3152, Bangladesh. Tel.: 0821-760206, Fax: 0821-761611, **Dhaka Liaison Office:** PETROCENTRE (13th Floor) 3 Kawran Bazar C/A, Dhaka-1215, Bangladesh. Tel.: 02-55013709, 02-55013710, Fax: 02-55013708, e-mail: dlo@sgfl.org.bd, Website: www.sgfl.org.bd